QUEENS PUBLIC LIBRARY

লাইব্রেরির সামগ্রী দেরীতে ফেরত দেবার জরিমানাকে বিদায় বলুন! বিনামূল্যে লাইব্রেরিতে যা কিছু পাওয়া যায়, সেগুলো ব্যবহার করুন!

কুইন্স পাবলিক লাইব্রেরি এখন আর লাইব্রেরির সামগ্রী দেরীতে ফেরত দিলে গ্রাহকদেরকে জরিমানা করে না, এবং আগের সকল জরিমানা গ্রাহকদের অ্যাকাউন্ট থেকে সরিয়ে নেয়া হয়েছে। হারিয়ে যাওয়া কিংবা ক্ষতিগ্রস্থ বলে বিবেচিত সামগ্রীগুলো আবার লাইব্রেরিতে প্রতিস্থাপন করার জন্য আমরা আপনাকে সামান্য কিছু জরিমানা করব, কিন্তু আপনি যখনই সামগ্রীগুলো লাইব্রেরিতে ফেরত দিবেন, সেই জরিমানাগুলো আপনার অ্যাকাউন্ট থেকে মুছে যাবে। আপনি যদি লাইব্রেরির সামগ্রীগুলো ফেরত দিতে না পারেন তাহলে অনুগ্রহ করে সামগ্রীগুলো আবার লাইব্রেরিতে প্রতিস্থাপন করার জন্য আপনাকে যা জরিমানা করা হয়েছে, তা প্রদান করুন, অথবা অন্যান্য বিকল্প সম্পর্কে জানতে লাইব্রেরীর কর্মীদের সাথে যোগাযোগ করুন, অনলাইনে, https://queenslibrary.org/about-us/contact-us/contact-us_c1, ফোনে 718-990-0771, অথবা আপনার স্থানীয় লাইব্রেরিতে।

পূর্বে অর্জিত আমার অ্যাকাউন্টে যেসব দেরীতে ফেরত দেবার ও অন্যান্য জরিমানা আছে, সেগুলোর কি হবে?
৫ অক্টোবর, ২০২১ পর্যন্ত আমরা সকল গ্রাহকদের অ্যাকাউন্টে পূর্বে অর্জিত সব দেরীতে ফেরত দেবার জরিমানা মুছে দিয়েছি, সেইসাথে সংগ্রহ ফি, প্রক্রিয়াকরণ ফি, এবং অনুরোধের সামগ্রী সংগ্রহ না করার ফি নেওয়া হয়নি।

হারিয়ে যাওয়া কিংবা ক্ষতিগ্রস্থ বলে বিবেচিত সামগ্রীগুলোর জরিমানা আপনার অ্যাকাউন্টে থাকবে কিন্তু আপনি যখন সেই সামগ্রীগুলো লাইব্রেরিতে ফিরিয়ে দিবেন তখন সেই জরিমানা সরিয়ে নেওয়া হবে। আপনার অ্যাকাউন্ট সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আমাদের স্বয়ংক্রিয় লাইব্রেরি লাইন 718-990-8508 এ ফোন করুন অথবা queenslibrary.org/about-us/contact-us এই সাইটে দেখুন।

QPL দেরীতে লাইব্রেরির সামগ্রী ফেরত দেবার জরিমানা বাদ দিচ্ছে কেন?
আমরা নিশ্চিত করতে চাই, লাইব্রেরির সামগ্রী সবাই যেন ব্যবহার করতে পারে, তাদের পরিস্থিতি যেমনই হোক না কেন। এই জরিমানা অনেক পরিবার কিংবা ব্যক্তিকে লাইব্রেরিতে আসতে নিরুৎসাহিত করে এবং লাইব্রেরির সামগ্রী ব্যাবহারে একটি বাধা হিসাবে কাজ করে।

ব্রুকলিন এবং নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি সিস্টেম কি দেরীতে সামগ্রী ফেরত দেবার জরিমানা বাদ দিয়েছে?
হ্যাঁ। নিউ ইয়র্ক সিটির সব লাইব্রেরিগুলোই ৫ অক্টোবর, ২০২১ থেকে দেরীতে সামগ্রী ফেরত দেবার জরিমানা বাদ দিয়েছে।

আমার সামগ্রীগুলো কখন ফেরত দিতে হবে তা আমি কীভাবে জানব?
আপনি যখন লাইব্রেরি থেকে কোন সামগ্রী সংগ্রহ করেন, আপনার পছন্দ অনুযায়ী ইমেল অথবা কাগজের রসিদে ফেরত দেবার নির্ধারিত তারিখ জেনে নিতে পারেন। আপনার লাইব্রেরির সামগ্রী ফেরত দেবার সময় চলে আসলে অথবা ফেরত দিতে দেরি হয়ে গেলে, লাইব্রেরি সবসময় ইমেইল বা ফোনের মাধ্যমে আপনাকে মনে করিয়ে দিবে এবং আপনি নিজেও www.queenslibrary.org/user- এ আপনার অ্যাকাউন্টে লগ ইন করে আপনার সামগ্রীগুলো ফেরত দেবার নির্ধারিত তারিখ দেখে নিতে পারেন।

আমি কিভাবে লাইব্রেরির সামগ্রী ফেরত দেবার তারিখ বাড়াতে পারি?
যে সকল সামগ্রীগুলো ফেরত দেবার তারিখ বাড়ানোর যোগ্য, সেই গুলো অনলাইনে www.queenslibrary.org/user- এ, কোন লাইব্রেরিতে গিয়ে অথবা 718-990-8508 এ ফোন করে তারিখ বাড়ানো যাবে। বিঃদ্রঃ যদি অন্য কোন গ্রাহক একই সামগ্রীর জন্য অপেক্ষা করে থাকে, তাহলে সেই সামগ্রীর সময় বাড়ানো যাবে না। ফেরত দেবার নির্ধারিত তারিখের কয়েক দিন আগেই সময় বাড়ানোর চেষ্টা করুন।

আমি কি লাইব্রেরির সামগ্রী অনির্দিষ্টকালের জন্য রাখতে পারি? আমি যদি সেগুলো হারিয়ে ফেলি তাহলে কি হবে?
আমরা লাইব্রেরির সামগ্রী ফেরত চাই! অনুগ্রহ করে ফেরত দেবার নির্ধারিত তারিখের মধ্যে সামগ্রী ফেরত দিন যাতে অন্য গ্রাহকরাও এই সামগ্রীগুলো উপভোগ করতে পারে। আমরা দেরীতে ফেরত দিলে কোন জরিমানা করবো না, কিন্তু সামগ্রীগুলো যদি তাদের নির্ধারিত তারিখের ২৮ দিনের (চার সপ্তাহ) মধ্যে ফেরত দেওয়া না হয়, আমরা সেই সামগ্রীগুলো হারিয়ে গেছে বলে বিবেচনা করবো এবং সামগ্রীগুলো আবার লাইব্রেরিতে প্রতিস্থাপন করার জন্য আপনাকে জরিমানা করবো।

আপনি যদি হারিয়ে যাওয়া লাইব্রেরির সামগ্রীগুলো ফেরত দেন, তাহলে আপনার অ্যাকাউন্ট থেকে সামগ্রীগুলো প্রতিস্থাপন করার জরিমানা তুলে নেওয়া হবে। অনুগ্রহ করে, দেরীতে হলেও লাইব্রেরির যেকোনো সামগ্রী ফেরত দিন। যদি আপনার অ্যাকাউন্টে $50 বা তার বেশি জরিমানা থাকে, অথবা ফেরত দেবার নির্ধারিত তারিখের পরেও ২০টি বা এর অধিক সামগ্রী ফেরত দেওয়া না হয়, তাহলে আপনি লাইব্রেরির কোন সামগ্রীর জন্য অনুরোধ করতে এবং ধার করে বাড়িতে নিতে পারবেন না যতক্ষণ পর্যন্ত আপনি লাইব্রেরির সামগ্রী ফেরত দিবেন অথবা সামগ্রীগুলো প্রতিস্থাপন করার জরিমানা পরিশোধ করবেন। লাইব্রেরির সামগ্রী প্রতিস্থাপন করার জরিমানা সম্পর্কে বিস্তারিত নিয়মাবলী জানতে দেখুন www.queenslibrary.org/help/guide-to-fees

আপনি যদি লাইব্রেরির কোন সামগ্রী প্রতিস্থাপন করার জরিমানা দিতে না পারেন, তাহলে দয়া করে অন্যান্য বিকল্প সম্পর্কে জানতে আমাদের সাথে 718-990-0771 এ ফোনে যোগাযোগ করুন, আপনার স্থানীয় লাইব্রেরীতে গিয়ে কথা বলুন অথবা queenslibrary.org/about-us/contact-us এই সাইটে দেখুন।

আমি কিভাবে আমার অ্যাকাউন্টের জরিমানা পরিশোধ করতে পারি?
আপনি অনলাইনে queenslibrary.org/user এই সাইটে My Account এর মাধ্যমে অথবা আপনার স্থানীয় লাইব্রেরিতে গিয়ে আপনার জরিমানা পরিশোধ করতে পারবেন।

জরিমানা পরিশোধ না করলে কি হবে?
আপনার অ্যাকাউন্টে $50 বা তার বেশি জরিমানা হলে, অথবা ফেরত দেবার নির্ধারিত তারিখের পরেও ২০টি বা এর অধিক সামগ্রী ফেরত দেওয়া না হলে, আপনি লাইব্রেরির কোন সামগ্রীর জন্য অনুরোধ করতে বা সামগ্রী ধার করে বাড়িতে নিতে পারবেন না যতক্ষণ পর্যন্ত আপনি লাইব্রেরির সামগ্রী ফেরত না দিবেন অথবা সামগ্রীগুলো প্রতিস্থাপন করার জরিমানা পরিশোধ না করবেন। পরবর্তীতে, ১৮ বছর এবং এর বেশি বয়সের সকল গ্রাহক যাদের অ্যাকাউন্টে $50 বা তার বেশি জরিমানা আছে, সেইসব অ্যাকাউন্টগুলো QPL-এর প্রতিষ্ঠান ইউনিক ম্যানেজমেন্ট সার্ভিসেসের কাছে পাঠানো হবে, যারা আমাদের পক্ষ থেকে আপনার সাথে যোগাযোগ করবে জরিমানা পরিশোধ ও সামগ্রী ফেরত দেবার ব্যাপারে। আপনার এই জরিমানা ক্রেডিট ব্যুরোতে জানানো হবে না কিংবা আপনার ক্রেডিট স্কোরকে প্রভাবিত করবে না।

লাইব্রেরি কি এখনও অনুরোধকৃত বই বা অন্যান্য সামগ্রী দেরিতে সংগ্রহ করার জন্য জরিমানা করবে?
না। লাইব্রেরি অনুরোধকৃত সামগ্রী দেরিতে ধার নেবার জরিমানা করা বাদ দিয়েছে।

লাইব্রেরিতে কি ধরনের জরিমানা নেওয়া হচ্ছে?
হারানো কিংবা ক্ষতিগ্রস্ত লাইব্রেরির সামগ্রী প্রতিস্থাপন করার জন্য জরিমানা প্রযোজ্য। উপরন্তু, আরও জরিমানা নেওয়া হবে:
· লাইব্রেরি কার্ড প্রতিস্থাপন ($ 2)
· ব্যাঙ্কের চেক ফেরত ($ 25)
· হারিয়ে যাওয়া সামগ্রীর দাম, যেমন বিভিন্ন প্রযুক্তি সংক্রান্ত সামগ্রী
· স্টেটের বাহিরের নাগরিকদের লাইব্রেরী কার্ড প্রদান ($ 50)

এই সিদ্ধান্তগুলি লাইব্রেরির বাজেটে কীভাবে প্রভাব ফেলবে?
মহামারীর কারণে ২০২০ সালের মার্চ মাস থেকে লাইব্রেরি দেরীতে সামগ্রী ফেরত দেবার জরিমানা সাময়িকভাবে স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছে। সামগ্রী দেরিতে ফেরত দেবার জরিমানার বার্ষিক রাজস্ব, যা লাইব্রেরির বাজেটের ক্ষুদ্র একটি অংশ নিয়ে গঠিত, সময়ের সাথে সাথে সেটা হ্রাস পেয়েছে, এবং আমরা এই হ্রাসকৃত বাজেটকে নিবিষ্ট করার উপায় খুঁজে পেয়েছি। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল, দেরীতে ফেরত দেবার জরিমানা মাফ করে লাইব্রেরির সামগ্রী সকল গ্রাহকদের শিক্ষা ও সেবার জন্য উন্মুক্ত এবং বিনামূল্যে প্রদান নিশ্চিত করে আমরা লাইব্রেরির মূল লক্ষে পৌছাতে সক্ষম হয়েছি।

আমি দেরিতে ফেরত দেবার জরিমানা দিতে পছন্দ করি কারণ আমি মনে করি জরিমানা দিয়ে আমি লাইব্রেরিকে আর্থিক সমর্থন করছি। আর কীভাবে আমি QPL কে সমর্থন করতে পারি?
আপনি যদি লাইব্রেরিকে আর্থিক সহায়তা প্রদান করতে চান, আমরা কুইন্স পাবলিক লাইব্রেরির ফাউন্ডেশনে প্রেরিত অনুদানকে স্বাগত জানাই, যা লাইব্রেরির প্রোগ্রাম, পরিষেবা এবং সামগ্রী সংকলন এর জন্য অর্থ সংগ্রহ করে। www.queenslibrary.org/support

আমি লাইব্রেরি থেকে নেয়া বই এবং অন্যান্য সামগ্রী কোথায় ফেরত দিতে পারি?
যে কোনো QPL শাখায় লাইব্রেরি থেকে নেয়া বই এবং অন্যান্য সামগ্রী ফেরত দেওয়া যাবে। www.queenslibrary.org/about-us/locations এই সাইটে আপনার নিকটতম লাইব্রেরির অবস্থান খুঁজে দেখুন।

লাইব্রেরিতে "Read Down Your Fees" বই পড়ে জরিমানা পরিশোধের কর্মশালাটি কি এখনও আছে?
হ্যাঁ। ২১ বছর বা তার কম বয়সী গ্রাহকরা এই কর্মশালা সম্পর্কে আরও জানতে এই সাইটে দেখুন www.queenslibrary.org/help/guide-to-fees.